দৈনিক খবর

তারিখ 17 AUG 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

141

# চট্টগ্রামে ছাত্রদলের দু'টি গ্রুপে সংঘর্ষ : আহত ৭

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৬ই আগস্ট।– আজ নাসিরাবাদ পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রদলের বিবদমান দু'টি গ্রুপের মধ্যে এক ঘন্টাব্যাপী সংঘর্ষে ৭ জন আহত হয়েছে। এর মধ্যে বুলেটবিদ্ধ দু'জন ছাত্র রয়েছে। এক জন স্থানীয় বেসরকারী হাসপাতালে ভর্তি রয়েছে। আহতদের নাম জানা যায়নি। আজ সন্ধ্যা ৭টা থেকে এ সংঘর্ষ শুরু হয়। সংঘর্ষের সময় দু'পক্ষই পিস্তল, হকিস্টিক প্রভৃতি ব্যবহার করে। পাঁচলাইশ থানা জানায়, এ ব্যাপারে এ রিপোর্ট লেখা পর্যন্ত কোন মামলা দায়ের হয়নি।